

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)

বাসা নং#১২১, রোড নং#২১ (ডিওএইচএস), মহাখালী, ঢাকা।

স্মারক নং : ৫১.০১.০০০০.০২৯.১১.১১১.২১.৯৯৯

তারিখ : ১১/০৮/২০২২ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম অংশ"-শীর্ষক প্রকল্পের ইমার্জেন্সী রেসপন্স এন্ড কমিউনিকেশন সেন্টার (ইআরসিসি) এর জন্য প্রকল্পের মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে, নির্ধারিত সাকুল্য বেতনে নিম্নবর্ণিত ৯ম গ্রেডের পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী পরিচালক (ট্রেনিং)	সর্ব সাকুল্য বেতন ৩৫,৬০০/- (গ্রেড-৯)	১টি	এডুকেশন, এডাল্ট লার্নিং, সোসিওলজি অথবা সমমর্যাদাসম্পন্ন বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা তদুর্ধ্ব।
২।	সহকারী পরিচালক (নেটওয়ার্ক এন্ড আইটি)	সর্ব সাকুল্য বেতন ৩৫,৬০০/- (গ্রেড-৯)	১টি	ইনফরমেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, কমিউনিকেশন টেকনোলজি, ইনফরমেশন ম্যানেজমেন্ট অথবা সমমর্যাদাসম্পন্ন বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা তদুর্ধ্ব।
৩।	সহকারী পরিচালক (প্লানিং এন্ড ইন্সট্রাকশন)	সর্ব সাকুল্য বেতন ৩৫,৬০০/- (গ্রেড-৯)	১টি	ইমার্জেন্সি ম্যানেজমেন্ট, প্লানিং, ইঞ্জিনিয়ারিং অথবা সমমর্যাদাসম্পন্ন বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা তদুর্ধ্ব।
৪।	সহকারী পরিচালক (মনিটরিং এন্ড ওয়ারিং শিফট সুপারভিশন)	সর্ব সাকুল্য বেতন ৩৫,৬০০/- (গ্রেড-৯)	১টি	ইমার্জেন্সি ম্যানেজমেন্ট, রিস্ক ম্যানেজমেন্ট, ইঞ্জিনিয়ারিং প্লানিং অথবা সমমর্যাদাসম্পন্ন বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা তদুর্ধ্ব।

- প্রার্থীদেরকে খামের উপর পদের নাম এবং আবেদনকারীর নিজ জেলার নামসহ পূর্ণ ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। আবেদনপত্র আগামী ২৫-০৮-২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে প্রকল্প পরিচালক, "আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম অংশ"- শীর্ষক প্রকল্প, বাড়ী নং#১২১, রোড নং#২১ (ডিওএইচএস), মহাখালী, ঢাকা, এই ঠিকানায় পৌঁছাতে হবে।
- নিম্নবর্ণিত বিবরণাদি উল্লেখ করে আবেদন করতে হবে।
(ক) প্রার্থীর নাম (স্পষ্ট অক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা
(চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (এফিডেফিট গ্রহণযোগ্য নয়) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) বৈবাহিক অবস্থা
(ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) প্রশিক্ষণ (যদি থাকে)।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ছায়াছবি।
(খ) অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ছায়াছবি (যদি থাকে)।
(গ) প্রশিক্ষণের সকল সনদপত্রের সত্যায়িত ছায়াছবি (যদি থাকে)।
(ঘ) সম্পত্তি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ সংযুক্ত করতে হবে।
(চ) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড-এর সত্যায়িত ছায়াছবি (যদি থাকে) অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের মূলকপি ছায়াছবি।
- ২৫ আগস্ট ২০২২ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ইতোপূর্বে এরূপ প্রকল্পে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণের জন্য আবেদনের বয়সসীমা শিথিলযোগ্য।
- প্রাপ্ত আবেদন যাচাই-বাহাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য আহ্বান করা হবে। এর জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন এবং আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- উন্নয়নমূলক প্রকল্পে নির্ধারিত বিষয়ে কাজ করার বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রকল্পের মেয়াদ সমাপ্তির সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে চাকুরী থেকে অব্যাহতি প্রাপ্ত হবে।
- উপরোক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

Aut
১১/০৮/২২

(ড. এ. টি. এম. মাহবুব-উল-করিম)

প্রকল্প পরিচালক (উপসচিব)

আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

ফোন : ০২-৫৫৮১৫০৮২

ই-মেইল : urban.ddm2022@gmail.com